
ভাষা এবং সাক্ষরতা

# প্রাথমিক পাঠ

## Early literacy





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

*TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে:*  *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

*সং  করণ 1.0  LL04v1*
*West Bengal*

*তৃতীয় পক্ষের উপা  ।  গুলি বা অ  ্যথায় বর্ণিত   । হলে এই সাম  রীর্ম একর্ম ি  রয়েমর্ভ মক  স অ্যাট্রিবিউশ  -শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অ ীে  উপলব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/*

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটে আপনি শিখবেন আপনার শ্রেণিকক্ষে কীভাবে প্রাথমিক পাঠে পড়াতে, সহায়তা করতে, তার জন্য পরিকল্পনা করতে এবং মূল্যায়ন করতে হয়। সম্ভবত আপনার শিক্ষার্থীরা সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং ক্ষমতা প্রদানকারী যে দক্ষতা অর্জন করবে তা হল পড়া। আপনার শিক্ষার্থীদের প্রাথমিক পাঠে সহায়তা এবং উৎসাহদানে আপনার ভূমিকা তাদের ভবিষ্যতের শিক্ষাগত সাফল্য ও সফল জীবনের চাবিকাঠি।

পড়তে শেখা কোন সহজাত উন্নয়নমূলক প্রক্রিয়া নয়। বরং, দীর্ঘ সময় ধরে নিয়মিত অভ্যাস এর সাথে যুক্ত। ঘরোয়াভাবে (বাড়িতে বা জনগোষ্ঠীতে) এবং আনুষ্ঠানিকভাবে (বিদ্যালয়ে) এই ধরনের অনুশীলন করা যেতে পারে। পড়ার অনেক রাস্তা আছে, যেগুলোর মধ্যে কিছু আপনি নিজেই গ্রহণ করবেন।

আপনি একজন শিক্ষক এই বিষয়টা নির্দেশ করে যে আপনি একজন দক্ষ ও আত্মবিশ্বাসী পাঠক যিনি তথ্য ও আনন্দলাভ উভয়ের জন্য বিভিন্ন পাঠ্য পড়ে থাকেন। ছাপা পাঠ্য পাঠ করা ছাড়াও, আপনি কোন কম্পিউটার বা মোবাইল ফোনের পর্দায় পড়তে পারেন। আপনি কীভাবে এই জটিল দক্ষতা শিখেছিলেন? আপনি এই ইউনিটে আপনার পাঠক হয়ে ওঠার যাত্রাপথ, এবং আপনার শিক্ষার্থীদের শুরু থেকে যে যাত্রায় সহায়তা করছেন সেই সম্পর্কে চিন্তা ভাবনা করবেন।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- কীভাবে আকর্ষণীয় এবং উপভোগ্য প্রাথমিক পাঠের পরিকল্পনা করতে হয়।
- অল্পবয়সী শিক্ষার্থীরা পড়তে শেখার প্রথম পর্যায়ে যে আচরণ প্রদর্শন করতে পারে তা কীভাবে শনাক্ত করবেন।
- প্রাথমিক পাঠের উন্নতি মূল্যায়ন এবং সহায়তা করার পদ্ধতিগুলো।

# কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

প্রাথমিক পাঠের শিক্ষাদান বাচ্চাদের অক্ষর এবং শব্দগুলো শনাক্ত করতে সক্ষম করার থেকে অনেক বেশি কিছু। এটা হল আপনার শিক্ষার্থীদের সম্পূর্ণ পাঠ্যের অর্থ বুঝতে সাহায্য করা। তার ফলে এটা তাদের ভাষা জ্ঞান এবং জগতকে বুঝতে পারাকে উন্নত করে। যে বাচ্চারা পড়তে ভালবাসে এবং পাঠক হিসেবে দক্ষ ও সাবলীল হয়ে ওঠে তাদের বিদ্যালয়ের সব ক্ষেত্রেই ভাল করার প্রবণতা দেখা যায়।

আপনার সব শিক্ষার্থীদের পাঠে যুক্ত করা ও তাদের পাঠের অগ্রগতি নিশ্চিত করার জন্য এটা গুরুত্বপূর্ণ যে আপনি:

- তাদের প্রেরণা এবং উৎসাহ দিন
- তাদের পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করুন
- আপনি তাদের পর্যবেক্ষণ করা থেকে প্রাপ্ত তথ্য শিক্ষা পরিকল্পনা করতে ও তাদের এই অপরিহার্য দক্ষতা বিকাশের প্রয়োজনে সহায়তা করতে ব্যবহার করুন।

# 1 পড়ার শুরু – ‘কে?’, ‘কি?’, ‘কোথায়?’, ‘কেন?’

আপনার প্রথম দিকের পড়ার অভিজ্ঞতা সম্পর্কে আপনার কি মনে পড়ে? নীচের কেস স্টাডির বর্ণনার সাথে সেগুলির কীভাবে তুলনা করা যায়?

## কেস স্টাডি 1: পড়তে শেখার স্মৃতি

*নিম্নলিখিত সারাংশগুলোতে, সাতজন ভারতীয় শিক্ষক তাঁদের পড়তে শেখার প্রাথমিক অভিজ্ঞতা স্মরণ করেছেন। আপনি তাদের স্মৃতিচারণ পাঠ করার সময়,* ***কে*** *তাঁদের পড়তে সাহায্য করেছিলেন, তাঁরা* ***কী*** *পাঠ করেছিলেন,* ***কোথায়*** *পাঠ করেছিলেন এবং* ***কেন*** *পাঠ করেছিলেন সেসব সম্বন্ধে নোট প্রস্তুত করুন।*

a. আমাকে এবং আমার বোনকে আনন্দ দেওয়ার জন্য আমার মা বহু প্রচলিত গল্প বলেছিলেন। কখনও কখনও তিনি সেগুলো লিখতেন এবং চিত্রিত করতেন। তিনি পুনর্ব্যবহৃত কাগজ এবং পত্রিকা থেকে ছবি কেটে আমাদের নিজেদের ছবির বই বানাতে উৎসাহিত করতেন। আমার বইয়ের একটা ছোট সংগ্রহ ছিল যা আমরা একসঙ্গে তৈরি করেছিলাম।

b. আমার ঠাকুরদা খুব কড়া ছিলেন। প্রতিদিন তিনি আমাকে অভিধান থেকে পাঁচটি শব্দ মুখস্থ করাতেন। আমাদের বাড়িতে শুধুমাত্র এই বইটি ছিল। একবার, যখন তিনি আমাকে কিছু টাকা দেননি, আমি তাঁকে বলি ‘আপনি খুব *কৃপণ*!’ তিনি অসন্তুষ্ট হয়েছিলেন তবুও হেসেছিলেন। আমার বিশাল শব্দভাণ্ডার ছিল, কিন্তু আমার কোন গল্পের বই পড়া হয়নি।

c. আমি যখন শিশু ছিলাম, আমার বাবা প্রতি সন্ধ্যায় আমাদের বেদ গ্রন্থ থেকে একটি অনুচ্ছেদ পাঠ করে শোনাতেন। তারপর তিনি আমাদের এটা ব্যাখ্যা করতে বলতেন। অনুচ্ছেদগুলো জটিল এবং বোঝা কঠিন ছিল। একদিন আমার বড় বোন গোপনে বেদ গ্রন্থ নেয় ও পরের অনুচ্ছেদটা আমাকে পড়ে শোনায়। সে খুব পরিষ্কারভাবে এর অর্থ ব্যাখ্যা করে যাতে আমি এটা বুঝতে পারি। সেই সন্ধ্যায় আমার বাবা আমার প্রতি খুব সন্তুষ্ট হয়েছিলেন!

d. আমার ঠাকুমা লাঠি দিয়ে মাটিতে শব্দ লিখতেন ও সেগুলোর অর্থ আমাকে বলতেন। এইগুলো আমার পাঠ করা প্রথম শব্দ ছিল। তারপর আমার বোন তার বিদ্যালয়ের পাঠ্যবই থেকে আমাকে পড়তে শেখায়। সে এটা করে কারণ আমি লম্বা ছিলাম এবং আমাকে আমার বয়সের তুলনায় বড় দেখাত, এবং সে চিন্তিত ছিল যে আমি বিদ্যালয়ে গিয়ে না পড়তে পারলে মজার পাত্র হব।

e. আমার বাড়িতে এবং গ্রামে পড়ার মত কিছু ছিল না। আমি যখন বিদ্যালয়ে গেলাম তখন প্রথমবার আমি লেখা শব্দগুলো দেখলাম। আমার শিক্ষক আমার অনুপ্রেরণা ছিলেন। তিনি আমাদের প্রচুর আকর্ষণীয় গল্প বলতেন আর আমরা মেঝেতে বসে শুনতাম। আজও আমার ঐ গল্পগুলো মনে আছে। তারপর তিনি গল্পগুলো বড় অক্ষরে চার্ট কাগজে লিখতেন যাতে প্রত্যেকে শব্দগুলো দেখতে পায়। যেহেতু ইতিমধ্যে আমার গল্পগুলো কণ্ঠস্থ ছিল, আমি ভেবেছিলাম আমি সহজেই সেগুলো পড়তে পারব।

f. আমার বিদ্যালয়ের শিক্ষক আমাদের কবিতা মুখস্থ করতে শিখিয়েছিলেন। সময়ের সাথে সাথে এইগুলো আরও দীর্ঘতর হয়েছিল। একটা দীর্ঘ কবিতা মুখস্থ করা মজার ব্যাপার ছিল! আমি আমার বাবা মায়ের কাছে কবিতা আবৃত্তি করে তাঁদের সন্তুষ্ট করতাম। কখনও তাঁরা আমাকে আমাদের বাড়িতে বেড়াতে আসা অতিথির কাছে কবিতা আবৃত্তি করতে বলতেন। রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা স্বাধীনতা দিবস কবিতাটি আমি এখনও আবৃত্তি করতে পারি। এটা যেভাবে শুরু হয়েছে তা আমার পছন্দ: ‘চিত্ত যেথা ভয়শূন্য/উচ্চ যেথা শির/জ্ঞান যেথা মুক্ত…’। আমি অনেকটা বড় না হওয়া পর্যন্ত বইয়ের কবিতাগুলো পড়িনি।

g. অমি প্রাপ্তবয়স্ক না হওয়া পর্যন্ত পাঠ করে আনন্দ পাইনি। আমার বিদ্যালয়ের শিক্ষক শুধুমাত্র আমাদের শ্রেণিগুলোয় পাঠ্যবই

> ব্যবহার করতেন। আমরা পাঠগুলো পড়তাম এবং অনুশীলনগুলো করতাম। বিষয়বস্তুগুলো নীরস ও আমার আগ্রহ থেকে অনেক দূরে ছিল। আমার বাড়িতে শোনা গল্পগুলো অনেক বেশি আকর্ষণীয় ছিল, রাত জেগে আমার কাকাদের কাছ থেকে শুনতে ভাল লাগতো কারণ তাঁরা রামায়ণ থেকে গল্প বলতেন। কিছুটা বড় হওয়ার পরে আমার সিনেমা দেখতে যেতে ভাল লাগতো। সব সিনেমারই গল্প থাকে, সত্যিই।

## চিন্তার জন্য বিরতি

এই সারাংশগুলোর ওপর লেখা আপনার নোট থেকে কি জানা যায়?


- **কে?** এই ব্যক্তিদের পড়তে শেখায় সহায়তা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হিসাবে এত আলাদা ব্যক্তির উল্লেখ করা হয়েছিল তা দেখে আপনি কি বিস্মিত হয়েছিলেন? একজন ব্যক্তি এক অনুপ্রেরণামূলক শিক্ষকের কথা স্মরণ করেছেন; অন্যরা তাঁদের পরিবারের একজন সদস্য সম্পর্কে বলেছেন। আপনার শিক্ষার্থীদের বিদ্যালয়ের বাইরে অতিরিক্ত সহায়তা যাই থাক না কেন, তাদের প্রাথমিক পাঠের সফলতায় আপনার অবদান খুব গুরুত্বপূর্ণ।
- **কি?** পড়তে শেখার উৎস হিসেবে বিভিন্ন রকম উপকরণ কাজে লাগানো এবং বিভিন্ন অ্যাক্টিভিটি অন্তর্ভুক্ত করা উচিত। এই বিবরণীগুলিতে উল্লিখিত উপায়গুলোর কয়েকটা হল গল্প শোনা, কবিতা আবৃত্তি, বই তৈরি করা এবং শব্দ মুখস্থ করা।
- **কোথায়?** বহু ভিন্ন ভিন্ন পরিবেশে পড়তে শেখা যেতে পারে। বাচ্চাদের এক জায়গায় পড়ার সাথে পরিচয় করানো হতে পারে এবং তারা অন্য জায়গায় শেখা চালিয়ে যেতে পারে।
- **কেন?** গল্প বলা ও পড়া যাঁদের কাছে অত্যন্ত চিত্তাকর্ষক ও উপভোগ্য বাচ্চারা তাঁদের সহজেই অনুকরণ করে।

উপরিউক্ত বিবরণীগুলো প্রদর্শন করে যে পড়তে শেখা একটা পারস্পরিক ভাব বিনিময় মূলক প্রক্রিয়া – যাতে বিভিন্ন ব্যক্তি, উপাদানের উৎস ও অভিজ্ঞতা যুক্ত থাকে। বর্ণিত এই রীতি ও সম্পদগুলোর মধ্যে কোনোটা কি আপনার শ্রেণিকক্ষে উপস্থিত আছে? কেন, বা কেন নয়?

## অ্যাক্টিভিটি 1: আপনার পড়তে শেখার স্মৃতি

এখন আপনি নিজের পড়তে শেখার স্মৃতিগুলো সম্বন্ধে ভাবনা-চিন্তা করবেন। চিত্র 1-এ চার্টের মাঝখানে আপনার নাম লিখুন ও নিম্নলিখিত প্রশ্নগুলোতে আপনার উত্তর দিয়ে অন্য চারটি বিভাগ সম্পূর্ণ করুন:

- কে আপনাকে পড়ার সাথে পরিচিত করেন?
- আপনি প্রথম কি পড়েছিলেন?
- কোথায় এটা করেছিলেন?
- কেন এটা ঘটেছিল?




**চিত্র 1** আপনার পড়তে শেখার স্মৃতি

একজন সহকর্মীর সঙ্গে আপনার স্মৃতিগুলো ভাগ করে নিন। আপনাদের পড়তে শেখার অভিজ্ঞতায় কি কি মিল ও পার্থক্য আছে?

শ্রেণিকক্ষে পড়ানোর সময় আপনি কি আপনার প্রাথমিক পাঠের অভিজ্ঞতার ওপর নির্ভর করেন? কেন, বা কেন নয়?

## চিন্তার জন্য বিরতি

আপনার শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের দৃষ্টিকোণ থেকে এখন চার্টটি দেখুন। চার্টটির মাঝখানে আপনার নিজের নামের পরিবর্তে, আপনি যাদের পড়ান সেই শিক্ষার্থীর বিষয় ভাবুন।

- যদিও বিদ্যালয়ের বাইরের ব্যক্তিরাও আপনার শিক্ষার্থীদের পাঠে পরিচিত করানোয় ভূমিকা নিতে পারেন, তবে তাদের শিক্ষক হিসেবে, এই চার্টে আপনিই হলেন ‘কে’। আপনার শিক্ষার্থীদের কাছে পাঠের আদর্শ মডেল হয়ে উঠুন। তাদের দেখান যে আপনি বইপত্র এবং পড়া উপভোগ করেন।
- শ্রেণিকক্ষে আপনার শিক্ষার্থীরা ‘কি’ পড়ে সেটা আপনার দায়িত্ব। সেইসব সম্পদ এবং অ্যাক্টিভিটি সন্ধান করুন যা তাদের পাঠক হয়ে ওঠায় অনুপ্রাণিত করবে। শ্রেণিকক্ষের বাইরে আপনার শিক্ষার্থীরা যা পড়ে তাতেও আগ্রহ দেখান।
- এই চার্টে, ‘কোথায়’ বলতে তাদের বিদ্যালয়কে বোঝায়; তবে আপনার শিক্ষার্থীদের প্রাথমিক পাঠের অভিজ্ঞতায় তাদের বাড়ি, মন্দির বা মসজিদও গুরুত্বপূর্ণ স্থান হতে পারে।
- তারা ‘কেন’ পড়ে, তা প্রত্যেক শিক্ষার্থীর ক্ষেত্রে স্বতন্ত্র হবে। তাদের মধ্যে কেউ কেউ কৌতূহলের জন্য পড়বে, পক্ষান্তরে অন্যরা কর্তব্যের কারণে পড়তে পারে।

## কেস স্টাডি 2: 'বাসের উপর বাক্সগুলো'

*মেদিনীপুরের প্রথম শ্রেণির এক শিক্ষিকা মিসেস লতা বর্ণনা করেন কীভাবে তিনি তাঁর অল্পবয়সী শিক্ষার্থীদের 'বাসের উপর বাক্সগুলো' (সম্পদ 1 দেখুন) নামের একটা সহজ গল্পের মাধ্যমে মনোযোগ আকর্ষণ করেছিলেন।*

গল্পটা খুবই সহজ: এটা বিভিন্ন মানুষ সম্পর্কে যাঁরা একটা বাসে উঠেছেন, যাঁদের প্রত্যেকে একটা করে বাক্স নিয়ে যাচ্ছেন। প্রতিটা বাক্সে আলাদা কিছু রয়েছে। ধীরে ধীরে বাসটি আরও ভরে যেতে থাকল, শেষে আর তিলধারণের জায়গা রইল না।

গল্পটা বলার আগে, বাক্সে কি কি জিনিস থাকতে পারে, আমি সেই ব্যাপারে ভেবেছিলাম। আমি শিক্ষার্থীদের একটা বড় কার্ডবোর্ডের বাক্স দেখিয়ে শুরু করি যেটা আমি বাড়ি থেকে এনেছিলাম। তারা এটার ব্যাপারে বেশ উত্তেজিত ছিল। আমি তখন গল্পটা বর্ণনা করি। যখনই আমি '... আর বাক্সে ছিল ...' এই কথাগুলো বলি, আমি আমার শিক্ষার্থীদের যোগ দিতে আহ্বান জানাই। নানা জিনিসের মধ্যে আমি বাক্সগুলোয় একটা বোতাম এবং একটা ছাগল অন্তর্ভুক্ত করি।

প্রতিটি ক্ষেত্রে, আমি একজন শিক্ষার্থীকে শ্রেণির সামনে আসতে ডাকি এবং অঙ্গভঙ্গি করে জিনিসটা দেখাতে বলি। লাবণী একটা বোতাম দেখানোর জন্য তার বুড়ো আঙুল ও তর্জনী একসঙ্গে বাঁকালো এবং পদ্মজ ছাগল বোঝাতে চার আঙ্গুল দিয়ে তার হাতে বেয়ে উঠে 'হাঁটা' দেখাল।

আমি একবার গল্পটা বলার পর, প্রতিটা অধ্যায়ের মাঝে বিরাম নিয়ে আমি এটা আবার বলেছিলাম, যাতে করে আমার শিক্ষার্থীরা আমার পরে এটার পুনরাবৃত্তি করতে পারে। তারপর আমি গল্পটা আবার বলি, আর আমার শিক্ষার্থীরা একই সাথে এটা বলছিল এবং অঙ্গভঙ্গি ব্যবহার করছিল।

দুই দিন পরে, যেখানে সম্ভব, সেখানে কম আত্মবিশ্বাসী শিক্ষার্থীদের সঙ্গে বেশি আত্মবিশ্বাসীদের একসাথে নিয়ে আমার শিক্ষার্থীদের জুটি তৈরি করি, আর স্মৃতি থেকে একে অপরকে তাদের 'বাসের উপর বাক্সগুলো' গল্পটা বলতে বলি।

দুজন শিক্ষার্থী আগের ক্লাসে উপস্থিত ছিল না, তাই আমি এমন জুটি নির্বাচন করি যা তাদের সহায়তা করতে পারবে এবং তারা যা শিখেছিল তা ব্যাখ্যা করতে পারবে, এবং অনুপস্থিত শিক্ষার্থীদেরকে তাদের সঙ্গে তিনজনের দলের মধ্যে রাখি।

তারপর গল্পের বিষয়বস্তুর সঙ্গে মেলে এমন কিছু ছবি রঙিন পত্রিকা থেকে কাটা, আমার আনা কার্ডবোর্ডের বাক্সের সামনে সেগুলো সাঁটা এবং পাশে শব্দ লিখে সেগুলোকে লেবেল করার জন্য আমাকে সহায়তা করতে আমি পুরো শ্রেণিকে ডাকি।

পরের সপ্তাহে, আমি একটা নৌকা যাত্রা সম্পর্কে ছবির বই পাই, যা আমাকে গল্পটার একটা বিকল্প সংস্করণ ভাবতে সাহায্য করে – এবারের গল্পটার নাম 'নৌকার উপর বাক্সগুলো'। এই সংস্করণে, আমি নিজে তাদের বলার থেকে বরং আমার শিক্ষার্থীদের বলতে বলি প্রতিটি বাক্সে কি ছিল।

### চিন্তার জন্য বিরতি

নিম্নলিখিত প্রশ্নগুলো বিবেচনা করুন এবং যদি সম্ভব হয় তাহলে একজন সহকর্মীর সঙ্গে আলোচনা করুন:

- কোন বিষয়গুলো 'বাসের উপর বাক্সগুলো' গল্পটাকে পড়ার অ্যাক্টিভিটি করে তোলে?
- মিসেস লতার শিক্ষার্থীরা ভাষা সম্পর্কে কী শিখছিল?
- তারা শব্দ ও ধ্বনি সম্পর্কে কী শিখছিল?

আপনার ধারণাগুলো আমাদের সঙ্গে তুলনা করুন।

প্রাথমিক পাঠের কার্যকলাপে শিক্ষার্থীদের একটা সক্রিয় ভূমিকা পালন করা আবশ্যক। মিসেস লতার শ্রেণিতে অল্প বয়সী শিক্ষার্থীরা 'বাসের উপর বাক্সগুলো' গল্পে সক্রিয়ভাবে যুক্ত হয়েছিল, কারণ:

- তারা একসঙ্গে গল্পটা শোনে
- তারা মূল কথাটা '... আর বাক্সে ছিল ...' বারবার বলে এবং তাদের সহপাঠীদের দ্বারা উদ্ভাবিত অঙ্গভঙ্গি অনুকরণ করে তাদের কন্ঠস্বর ও দেহ একসঙ্গে ব্যবহার করে।
- ছবি এবং লেবেলগুলো দিয়ে বাক্সটা সাজিয়ে, তারা পরিচিত গল্পের ধ্বনিগুলোকে অক্ষর, শব্দ ও কথার সঙ্গে সংযুক্ত করতে সক্ষম হয়।

শিক্ষার্থীরা একটা উপভোগ্য গল্প কয়েকবার শুনে দারুণ সন্তোষ লাভ করে। এটা তাদেরকে গল্পের চরিত্রগুলো সম্বন্ধে জানতে, পরে কি ঘটতে পারে তা বুঝতে এবং নিজেদের গল্পটা আবার বলতে সক্ষম করে।

## অ্যাক্টিভিটি 2: একটা সহজ গল্পের আকর্ষণ বাড়াতে সম্পদ চিহ্নিত করা

এই কার্যকলাপের জন্য আপনি কেস স্টাডি 2-এর 'বাসের উপর বাক্সগুলো' গল্প, বা আপনার পছন্দের কোন বিকল্প গল্পের ভিত্তিতে কিছু প্রাথমিক পাঠের পরিকল্পনা করবেন। আপনার শ্রেণিকক্ষ, বিদ্যালয়, বাড়ি ও স্থানীয় জনগোষ্ঠীর চারপাশে দেখা দিয়ে শুরু করুন। গল্পটা বলা আকর্ষণীয় করতে কি কি সম্পদ উপলব্ধ আছে? নিচেরগুলো বিবেচনা করুন:

- উপযুক্ত বস্তু
- ছবি
- ব্যক্তি যাঁরা অবদান রাখতে পারেন
- জিনিসপত্র তৈরির উপকরণ।

আপনার চিহ্নিত করা সম্পদগুলো ব্যবহার করে গল্পটাকে আকর্ষণীয় করে তোলার জন্য যতগুলো সম্ভব ধারণা লিখে রাখুন। এখানে কিছু পরামর্শ দেওয়া হল:

- অনেক গল্প ছবি বা বস্তু দিয়ে চিত্রিত করা যেতে পারে। 'বাসের উপর বাক্সগুলো' গল্পে, প্রত্যেক বাক্সের জিনিসগুলো চিত্রিত করতে আপনি হয়ত বিভিন্ন আকারের বাক্স, একটা খেলনা বাস, একটা বাসের পোস্টার ছবি, এবং অনেক ছোট ছোট বস্তু অথবা পত্রিকার ছবি খুঁজে বের করেছেন।
- আপনি কি এমন কোনো ব্যক্তির কথা ভেবেছিলেন যিনি গল্পটা বলার ক্ষেত্রে অবদান রাখতে পারেন? বিদ্যালয়ে শিক্ষার্থীর পরিবারের কোন সদস্য কি বাস চালান? যদি কেউ বাস চালান তাহলে তাঁকে, অথবা শিক্ষার্থী যদি বড় হয় তাহলে তাকেও এই সম্বন্ধে কথা বলতে আমন্ত্রণ জানানো যেতে পারে।
- আপনার শিক্ষার্থীদের সঙ্গে একত্রে আপনি গল্প থেকে শব্দ ও ছবি নিয়ে একটা পোস্টার তৈরি করতে পারেন।
- এছাড়াও আপনি একজন শিক্ষার্থীকে বাস ড্রাইভার হিসাবে নিয়ে একটা সহজ ভূমিকায় অভিনয়ের ব্যবস্থা করতে পারেন। শ্রেণিকে দুটো গ্রুপে ভাগ করে দিন। প্রথম গ্রুপের প্রত্যেকে বাক্সের মধ্যে কিছু একটা নিয়ে বাসের ওঠে। অন্য গ্রুপের শিক্ষার্থীদের অনুমান করতে হবে যে প্রতিটি বাক্সে কি আছে। অথবা তার বদলে, আপনি একটা সুর তৈরি করতে পারেন ও আপনার শিক্ষার্থীদের গল্পটা গান গেয়ে শোনাতে বলতে পারেন।

আপনার শ্রেণিকক্ষে আপনার ধারণা ও সম্পদগুলো ব্যবহার করার জন্য একটা পরিকল্পনা তৈরি করুন। মনে রাখবেন যে অল্পবয়সী শিক্ষার্থীদের শেখা জোরদার করতে কয়েক দিন ধরে বেশ কিছু ছোট অ্যাক্টিভিটি একটি বা দুটি দীর্ঘ কার্যকলাপের থেকে বেশি কার্যকর হয়। আপনার ধারণা আপনার সহকর্মীদের সাথে আলোচনা করুন এবং তারপর আপনার পাঠ পরিকল্পনা বাস্তবায়িত করুন।



চিন্তার জন্য বিরতি

- আপনার শিক্ষার্থীরা এই কার্যকলাপের শৃঙ্খলা থেকে কী শিখেছিল? আপনি কীভাবে বলতে পারেন?
- সকলে কি সক্রিয়ভাবে যুক্ত ছিল? এটা নিশ্চিত করতে আপনি আলাদাভাবে কি করতে পারতেন?

গল্প বলা – স্মৃতি থেকে গল্প বলা – আপনার শিক্ষার্থীদের পড়ার সাথে পরিচয় করানোর একটা উপায়। এটা তাদের গল্পের প্রবাহের সঙ্গে সুপরিচিত করায় এবং এর পরে কি হবে এই বিষয়ে আগ্রহ জাগায়। আপনার প্রশ্নে তাদের জবাবের মাধ্যমে গল্পটা সম্পর্কে তারা কি শিখেছে, এবং তারা নিজেরাই অথবা আপনার সহায়তায় গল্পটা নতুন করে বলতে পারবে কিনা আপনি তা মূল্যায়ন করতে পারেন। আপনার সমস্ত শিক্ষার্থীদের বুঝতে পারা নিশ্চিত করতে পরীক্ষা করুন এবং আপনি যদি মনে করেন তারা এটা অনুসরণ করতে পারছে না তবে বিভিন্ন উপায়ে গল্পটা নতুন করে বলুন।

আপনার শিক্ষার্থীদের প্রাথমিক পাঠের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করার আরেকটি উপায় হল তাদের জোরে বই পড়ে শোনানো।

# 2 আপনার শিক্ষার্থীদের জোরে পড়ে শোনানো

জোরে জোরে বই পড়ার দ্বারা এবং পড়ার সময় পাতায় আঙুল দিয়ে শব্দগুলো অনুসরণ করলে, আপনি আপনার শিক্ষার্থীদের বুঝতে সাহায্য করবেন যে ছাপানো অক্ষরগুলি অর্থবাহী। কীভাবে বই ধরতে হয় ও পাতা ওলটাতে হয়, এবং পাঠ্যাংশগুলি কীভাবে শুরু থেকে শেষে, ডান থেকে বামে এবং উপর থেকে নীচে ক্রমানুসারে সাজানো থাকে সেটা তারা শিখবে।



**চিত্র 2** আপনার আঙ্গুল দিয়ে একটা মুদ্রিত পৃষ্ঠায় শব্দগুলিকে অনুসরণ করা হলে, তা শিক্ষার্থীদের জানতে সাহায্য করবে যে শব্দগুলির অর্থ আছে

আপনি আদর্শ পাঠরীতি দেখানোর সময়, আপনার শিক্ষার্থীরা আপনাকে অনুকরণ করবে। তারা নিজ সামর্থ্যে বই ‘পড়তে’ চেষ্টা করবে, কখনও কখনও ছবি ব্যবহার করে তাড়াতাড়ি স্মৃতি থেকে গল্পের শব্দগুলো মনে করবে, এবং কখনও কখনও, তাদের অভিজ্ঞতা এবং কল্পনার উপর নির্ভর করে নিজেরাই গল্পটা তৈরি করবে। এইগুলো সবই উৎসাহজনক লক্ষণ যে তারা পড়ার অভ্যাস উন্নত করছে, তাই তারা এটা করতে থাকার সময় তাদেরকে অবশ্যই লক্ষ্য করুন ও উৎসাহ দিন।

## কেস স্টাডি 3: পড়ার আদর্শ মডেল

*মিস মুখার্জী পশ্চিমবঙ্গের একজন প্রাথমিক শিক্ষিকা। এখানে কীভাবে তিনি তার অল্পবয়সী শিক্ষার্থীদের পড়ার আদর্শ মডেল হতে চেষ্টা করেন সেটা বর্ণনা করেছেন।*

এটা একটা কবিতা বা ছোট গল্প যাই হোক না কেন, আমি প্রতিদিন আমার শিক্ষার্থীদের জোরে জোরে পড়ে শোনাই। আমি খুবই

ইচ্ছাকৃতভাবে বই খুলি, সাবধানে পাতা ওলটাই, কোন কবিতা বা গল্প নির্বাচন করি, এবং আমার শিক্ষার্থীদের আনুষঙ্গিক চিত্রগুলো দেখিয়ে এবং আঙুল দিয়ে পাঠ্য অনুসরণ করে অভিব্যক্তির সঙ্গে এটা পড়ি। আমি বিভিন্ন সময়ে একই কবিতা বা গল্প একাধিকবার পড়ি আমি যখন থেকে এটা করছি, আমি লক্ষ্য করেছি যে আমার অল্পবয়সী শিক্ষার্থীরা আরো সাবধানে বই নাড়াচাড়া করতে শুরু করেছে, সঠিক ভাবে বই ধরছে, একটা একটা করে পাতা ওলটাচ্ছে, মনোযোগ দিয়ে ছবি দেখছে এবং কখনও কখনও, শব্দগুলোর নিচে আঙ্গুল রেখে সরাচ্ছে। তাদের পালা করে পর্যবেক্ষণ করে - অর্থাৎ তাদের মধ্যে কে কে ছবি দেখছে, পড়ার ভান করছে, পড়তে চেষ্টা করছে, কিংবা অধিকাংশ বা সবগুলি শব্দ পড়ছে তা লক্ষ্য করে, আমি এই দক্ষতা উন্নয়নে তাদের ব্যক্তিগত অগ্রগতির উপরে নজর রাখতে পারি।

## অ্যাক্টিভিটি 3: আপনার শিক্ষার্থীদের জোরে পড়ে শোনানো

তথ্য নির্দেশ, পরিকল্পনা, বাস্তবায়ন এবং আপনার শিক্ষার্থীদের সঙ্গে আপনার নিজের জোরে জোরে পড়ার সেশনের মূল্যায়ন করার জন্য কেস স্টাডি 3 এবং সম্পদ 2 ব্যবহার করুন। সম্ভব হলে কোন সহকর্মীর সঙ্গে আপনার ধারণা এবং চিন্তাভাবনা আলোচনা করুন।

পরের অধ্যায়ে এমন কিছু কৌশল বর্ণনা করা হয়েছে যেগুলি অল্পবয়সী শিক্ষার্থীরা নিজেদের প্রাথমিক পাঠে ব্যবহার করে থাকে।

# 3 পড়ার উপায়

অল্পবয়সী শিক্ষার্থীরা বিভিন্ন উপায়ে পড়তে শেখে:

- গল্প শোনা আর তাদের শোনা ভাষার পুনরাবৃত্তি করা। এটা করার মাধ্যমে তারা ভাষার ‘অংশবিশেষ’ - অর্থাৎ অভিব্যক্তি, বাক্যাংশ এবং বাক্য আত্মস্থ করে ও পড়ে।
- পালা করে প্রতিটি অক্ষর ও শব্দ পড়া, শব্দগুলি ঠিক কী কী দিয়ে গঠিত হয় এবং প্রতিটি শব্দের অর্থ কী তা জানা।
- পৃষ্ঠার শব্দগুলি তাদের পড়তে ও বুঝতে সাহায্য করার জন্য ছবি ব্যবহার করা।

বেশিরভাগ শিক্ষার্থী আসলে এই সব কৌশলগুলির একটি মিশ্রণ প্রয়োগ করে।

## কেস স্টাডি 4: মিস আদকের শিক্ষার্থীদের পড়ার কৌশলগুলো

*মিস আদক, পশ্চিমবঙ্গের প্রথম শ্রেণির শিক্ষিকা তার অল্পবয়সী শিক্ষার্থীদের পড়ার কিছু কৌশল বর্ণনা করেছেন।*

বুলা একজন অত্যুৎসাহী এবং নাটকীয় গল্প কথক ছিল। সে নিয়মিত তার সহপাঠীদের গল্প বলত। তাদের মধ্যে কিছু স্মৃতি থেকে বর্ণনা করত, পক্ষান্তরে অন্যগুলো সেইসময় সেখানে উদ্ভাবন করত। আমি শ্রেণিতে গল্প বলার সময় সে খুব মনোযোগ দিয়ে শুনত, মূল শব্দগুলো এবং অংশবিশেষ আমার মত পুনরায় বলত। বুলা নিজে নিজেই জোরে জোরে পড়ার সময় কিছু ভুল করত, যেমন ‘গাধা’র বদলে ‘ঘোড়া’ বলেছিল, কিন্তু তার শব্দের বদলগুলো সবসময় অর্থবাহী হত। আমি বুলার শব্দ সনাক্তকরণকে উন্নত করতে তাকে কিছু সহজ পড়ার বই পড়তে উৎসাহিত করার সিদ্ধান্ত নিয়েছিলাম। আমি তাকে রং সংক্রান্ত একটা বই দিয়েছিলাম। বুলা বইয়ের মলাট দেখে, এবং তাড়াতাড়ি পৃষ্ঠাগুলো উল্টোয়, এবং উত্তেজিতভাবে বলে ‘এটা একটা রং সংক্রান্ত বই! এটা সেইসব সম্বন্ধীয় যেখানে আপনি লাল জিনিস, হলুদ জিনিস, নীল জিনিস দেখতে পাবেন- গাড়িতে, রাস্তায়, বাড়িতে, ফুলে। আমি এটা পড়তে পারি!’। ধীরে ধীরে আমি বুলাকে প্রতিটি শব্দ পড়াতে উৎসাহিত করি।

> রতন নির্ভুলভাবে পড়ায় আগ্রহী ছিল। সে ধীরে ধীরে এবং সঠিকভাবে প্রতিটি শব্দের অক্ষর সতর্কভাবে উচ্চারণ করত। সে যখন এমন কোনো শব্দ দেখত যেটা সে জানত না, তখন রতন পড়া বন্ধ করে দিত। সে চেষ্টা করার সময় পাঠ্যের অর্থ হারিয়ে ফেলত এবং নিরুৎসাহী হয়ে পড়ত। আমি তাকে আমার গল্প শুনতে এবং তার নিজের ভাষায় সেগুলো নতুন করে বলাতে উৎসাহিত করার সিদ্ধান্ত নিয়েছিলাম। আমি তাকে আমার সঙ্গে ও অন্যান্য শিক্ষার্থীদের সঙ্গে জোরে জোরে পড়তেও ডেকেছিলাম, এবং তার ছোট ভুল হলেও তাকে চিন্তা না করতে পরামর্শ দিয়েছিলাম।
>
> প্রমীলা শ্রেণিতে আমার জোরে জোরে পড়া গল্পগুলো শুনতে পছন্দ করত। আমি প্রায়ই লক্ষ্য করতাম যে সে এরপরে একই গল্পের বই জোরে জোরে পড়ত। এক দিন, যখন সে নিমগ্ন হয়ে ছবি এবং সহজ বাক্য সম্বলিত একটা বই পড়ছিল, তখন আমি তাকে জিজ্ঞাসা করেছিলাম যে সে আমাকে একটা পাতা পড়ে শোনাতে পারে কি না। সে সঠিকভাবে গল্পটা বলেছিল কিন্তু পাঠ্যের দিকে তাকায়নি বা পৃষ্ঠার কোনো শব্দের দিকে নির্দেশ করে নি। আমি তার প্রশংসা করি, ছবিগুলো ঢেকে দিই এবং আবার গল্পটা আমাকে বলতে বলি। তাকে সহায়তা করার জন্য কোন ছবি না থাকায়, সেই মুহূর্তে সে সমস্যায় পড়েছিল। তবে আমি ছবিগুলোর ঢাকা তুলে দেওয়ার পরে সে গল্প চালিয়ে যেতে সক্ষম হয়। সে গল্পটা মুখস্থ করেছিল, কিন্তু সে এখনও পড়তে শিখছিল। আমি তার সঙ্গে পড়ি, একই সাথে প্রতিটি শব্দের প্রতি নির্দেশ করি যাতে করে সে তার খুবই ভালভাবে জানা গল্পটার সঙ্গে পাঠ্যটিকে সংযুক্ত করতে শুরু করে।

কেস স্টাডিতে, মিস আদক লক্ষ্য করেছিলেন যে তার শিক্ষার্থীরা পড়তে শেখার জন্য স্বতন্ত্র কৌশলগুলো ব্যবহার করে ও সেগুলোর প্রত্যেকটিকে আরও সহায়তা দেওয়ার জন্য পদক্ষেপ নেন।

## চিন্তার জন্য বিরতি

- আপনার নিজের শ্রেণিকক্ষে কি বুলা, রতন ও প্রমীলার মত শিক্ষার্থীরা আছে?
- আপনার শ্রেণিকক্ষে এমন শিক্ষার্থীরা আছে কি যারা উপরের বর্ণনা করা কৌশলগুলির থেকে আলাদা কৌশল ব্যবহার করে?

পড়ার কোন একটিমাত্র পন্থা নেই। তাই এই জটিল দক্ষতা আয়ত্ত করা এবং অনুশীলন করার বিভিন্ন উপায়গুলি চেষ্টা করে দেখার জন্য শিক্ষকদের তাদের শিক্ষার্থীদেরকে উৎসাহিত করা উচিত।

আপনার শিক্ষার্থীদের কীভাবে কার্যকরভাবে পর্যবেক্ষণ করা যায় এবং মতামত দেওয়া যায় সেই ব্যাপারে সম্পদ 3 এ আরো ধারণা দেওয়া হয়েছে। আপনার শিক্ষার্থীদের উৎসাহজনক মতামত প্রদান করা হলে, তা তাদের প্রাথমিক পাঠের উন্নতিতে সহায়তা করতে পারে।

## ভিডিও: তত্ত্বাবধান করা ও মতামত দেওয়া

## অ্যাক্টিভিটি 4: আপনার শ্রেণিকক্ষে পাঠ পর্যবেক্ষণ করা

আপনার শিক্ষার্থীদের উপযুক্ত সহায়তা প্রদান করতে সক্ষম হতে, এটা নির্ধারণ করা জরুরী যে তারা কি ধরনের পড়ার কৌশল ব্যবহার করে। এই তথ্য নোট করতে একটা টেবিল একটা উপযোগী পদ্ধতি হতে পারে। এই তথ্য তখন আপনাকে তাদের পড়ার উন্নতিতে কীভাবে সবচেয়ে ভাল সহায়তা করা যায় তার পরিকল্পনা করতে সক্ষম করবে। একটা নমুনা নিচে টেবিল 1-এ দেওয়া হল।

আপনি পালা করে আপনার শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করার সময়, তাদের জন্য প্রযোজ্য পড়ার কৌশলের নিচে তাদের নাম ঢোকান। আপনি যদি প্রথমে উপরে কেস স্টাডি 4-এর বর্ণনা অনুযায়ী বুলা, রতন ও প্রমীলার পড়ার কৌশলগুলি মূল্যায়ন করে অভ্যাস করেন, তাহলে তাহলে সেটা সাহায্য করতে পারে। নিশ্চিত করুন যে আপনি নির্দিষ্ট সময় ধরে আপনার শ্রেণির সবার জন্য টেবিলটি সম্পূর্ণ করেন।

***টেবিল 1*** *আপনার শিক্ষার্থীদের পড়ার কৌশল পর্যবেক্ষণ*

| **অনুমান করা** | **স্মরণ করা** | **পূর্বানুমান করতে ছবি ব্যবহার করা** | **কোন শব্দের প্রথম অক্ষর ব্যবহার করে পূর্বানুমান** | **প্রতিটি শব্দ পড়া** | **পাঠ্যের অংশ পড়া** | **প্রতিটি শব্দে আঙুল নির্দেশ করা** | **বাক্যগুলোর নিচে আঙুল দিয়ে পড়া** |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

আপনার কিছু শিক্ষার্থী কি কোন মিশ্র কৌশল ব্যবহার করে?

আপনি কি আপনার শিক্ষার্থীদের ব্যবহার করা অন্য কোন কৌশল লক্ষ্য করেছেন? যদি করা থাকেন তাহলে সেগুলো আপনার টেবিলে যোগ করুন।

একইরকম কৌশল ব্যবহার করা শিক্ষার্থীদের শনাক্ত করুন ও সেইমতো একসাথে দলবদ্ধ করুন। আপনার পাঠগুলো পরিকল্পনা করুন যাতে আপনি সময়ের সাথে সাথে তাদের বিভিন্ন চাহিদাগুলিতে সাড়া দিতে পারেন। কিছু কিছু শিক্ষার্থীর আপনার থেকে ব্যক্তিগত সহায়তার প্রয়োজন হতে পারে।

অন্যদের সঙ্গে আপনি ছোট ছোট গ্রুপে কাজ করতে পারেন। ভিন্ন ভিন্ন কৌশল ব্যবহার করে এমন পাঠকদের জুটি তৈরির কথা বিবেচনা করুন, যাতে তারা একে অপরের থেকে শিখতে পারে কিনা দেখা যায়।

বিদ্যালয়ের পুরো বছর জুড়ে আপনার অল্পবয়সী শিক্ষার্থীদের পড়ার অগ্রগতির রেকর্ড প্রস্তুত করতে টেবিলটির কপি ব্যবহার করুন।

এছাড়াও মূল সম্পদ 'অগ্রগতি এবং কর্মক্ষমতা মূল্যায়ন' পড়লে, সেটা আপনার পক্ষে সহায়ক হতে পারে।



ভিডিও: অগ্রগতি এবং কর্মক্ষমতা মূল্যায়ন

# 4 সারসংক্ষেপ

প্রাথমিক পাঠ শেখানো পারস্পরিকভাবে মত বিনিময় মূলক, আকর্ষণীয় এবং উপভোগ্য পদ্ধতি হওয়া উচিত। এতে গল্প বলা বা জোরে জোরে পড়া অন্তর্ভুক্ত হোক বা না হোক, এতে শিশুদের বাক্যাংশগুলি বারবার বলা, কাজ করে দেখানো, এরপরে কি হতে যাচ্ছে তা অনুমান করা, পরে গল্পটা মনে করা, এবং সংশ্লিষ্ট নাটক বা শিল্প অ্যাক্টিভিটি করার সুযোগ দেওয়া উচিত।

অল্পবয়সী শিক্ষার্থীদের সাথে প্রতি দিন একটা সংক্ষিপ্ত পাঠের সেশন দীর্ঘ ও অনিয়মিত সেশনের থেকে বেশি কার্যকরী হয়। যখন শিক্ষার্থীরা পড়ার মডেল দেখে এবং নিয়মিত বই নিয়ে নাড়াচাড়া করে, তখন তারা নিজেরাই পড়তে চেষ্টা করবে।

একজন পাঠক হয়ে ওঠার অনেক উপায় আছে। উপভোগ্য অ্যাক্টিভিটি, অভ্যাস ও কিছু সময় ধরে সহায়তার মাধ্যমে আপনার শিক্ষার্থীরা সাবলীল, আত্মবিশ্বাসী পাঠক হয়ে উঠতে পারে, এবং এইভাবে তাদের ভবিষ্যতের শিক্ষার জন্য একটি দৃঢ় ভিত্তি অর্জন করে।

# সম্পদসমূহ

## সম্পদ 1: ‘বাসের উপর বাক্সগুলো’

> বাসটি স্টেশনে থামে। একজন বুড়ো লোক বাসে ওঠেন। তিনি একটা বাদামী বাক্স বহন করছিলেন, এবং বাক্সে ছিল … [একটা টুপি]। তারপর একজন মা ও তার শিশু বাসে ওঠে। তিনি একটা ছোট সাদা বাক্স বহন করছিলেন, এবং বাক্সে ছিল … [একটা ব্রেসলেট]। এরপরে, একজন কাঠুরিয়া বাসে ওঠেন। তিনি খুব লম্বা একটা কাঠের বাক্স বহন করছিলেন এবং বাক্সে ছিল … [একটা কুঠার]। তারপর একজন রাঁধুনি বাসে ওঠেন। তিনি একটা চ্যাপ্টা, গোল বাক্স বহন করছিলেন, এবং বাক্সে ছিল … [একটা রুটি]।

আপনার যতক্ষণ ইচ্ছা গল্পটা চালিয়ে যান। বাসে খুব ভিড় হওয়ার পরে ড্রাইভার বলল, ‘আমি আর কোন লোক বা বাক্স নিতে পারব না! দরজাগুলো বন্ধ করছি! বিপ বিপ!’

আপনি আকার, রঙ ও বাক্সটি তৈরির উপাদান বর্ণনা করে উপরোক্ত গল্পে জটিলতা যোগ করতে পারেন এবং, বর্ণনামূলক শব্দ যোগ করে বা বহুবচন বা গণনার অযোগ্য জিনিসগুলোর প্রতি নির্দেশ করে (যেমন, ‘তিনি একটা ভারী ধাতুর বাক্স বহন করছিলেন এবং বাক্সে চামড়ার এক জোড়া পুরোনো জুতো / কিছু ময়দা / তিনটি মোটা মুরগী ছিল’), বা বাক্স থেকে আসা আওয়াজের প্রতি নির্দেশ করে (যেমন, ‘তিনি খুব ছোট একটা বাক্স বহন করছিলেন এবং বাক্সে চিঁ চিঁ শব্দ হচ্ছিল’) সেগুলোর বিষয়বস্তুকে আরো চ্যালেঞ্জিং করে তুলতে পারেন। গল্পটা বিভিন্ন জীবিকা ও লোকেদের কাজে ব্যবহার করা সরঞ্জামের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দিতে পারে।

বাক্সগুলোর ও সেগুলোর বিষয়বস্তুর তালিকাটি আরও দীর্ঘতর হতে থাকার সাথে সাথে, গল্পটা এইভাবে একটা স্মৃতিশক্তির খেলা হয়ে ওঠে।

## সম্পদ 2: জোরে জোরে পাঠ করার সেশন পরিকল্পনা

### প্রস্তুতি

- জোরে জোরে পড়ার জন্য একটা সহজ গল্প বাছুন। আপনার সব শিক্ষার্থীদের শব্দ এবং ছবি দেখাতে বইটি যথেষ্ট বড় হতে হবে।
- আপনি আগে থেকেই গল্পটার সঙ্গে পরিচিত আছেন নিশ্চিত করুন।

- বিদ্যালয়ের একজন সহকর্মীর কাছে বা বাড়িতে আপনার পরিবারের কাছে অভিব্যক্তির সঙ্গে এমন ভাবে বইটি ধরে পড়া অভ্যাস করুন যাতে শিক্ষার্থীরা একই সঙ্গে আপনি যা পড়ছেন দেখতে পায়।
- কোনো অপরিচিত শব্দ বা ধারণা নোট করুন, মনে রাখবেন কিছু শিক্ষার্থী বিদ্যালয়ের ভাষায় কম আত্মবিশ্বাসী হতে পারে।

## গল্প পড়ার আগে

- আপনার চারপাশের শিক্ষার্থীদের জড়ো করুন যাতে তারা পরিষ্কারভাবে বই দেখতে পায়।
- গল্পটার বিষয়বস্তু সঙ্গে সম্পর্কিত এমন কোনো বিষয়ে আপনার শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করুন যার অভিজ্ঞতা তাদের থাকতে পারে।
- গল্পটাতে যদি এমন কোনো মূল শব্দ থাকে যা আপনার শিক্ষার্থীরা নাও জানতে পারে, তাহলে এইগুলোর সঙ্গে পরিচিত করুন এবং সেগুলোর অর্থ সম্বন্ধে আলোচনা করুন। যে শিক্ষার্থীদের বাড়ির ভাষা বিদ্যালয়ের ভাষা থেকে আলাদা তাদের জন্য এটা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।
- আপনার শিক্ষার্থীদের বইয়ের প্রচ্ছদ দেখিয়ে বইটির সঙ্গে পরিচয় করিয়ে দিন। শিরোনামের দিকে নির্দেশ করুন ও পড়ুন। প্রচ্ছদের ছবিটি সম্পর্কে আলোচনা করুন এবং আপনার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন যে তারা গল্পটার বিষয়বস্তু সম্পর্কে অনুমান করতে পারে কি না।

## গল্পটা পাঠ করা

- অভিব্যক্তির সঙ্গে পাঠ্যটি পড়ুন, প্রতিটি চরিত্রের জন্য ভিন্ন ভিন্ন গলার স্বর ব্যবহার করুন।
- আপনি বাক্যগুলো পড়তে থাকার সময়, বাক্যের শব্দগুলোর নিচে আঙুল সরান।
- আপনার শিক্ষার্থীদের আনুষঙ্গিক ছবিগুলোতে কি ঘটছে তা বর্ণনা করতে বলুন:
  - 'তোমরা ছবিতে কি দেখছ?'
  - 'তুমি কি ঘটছে বলে মনে কর?'
- যেখানে যথাযথ, পরের পাতা উল্টানোর আগে, এই রকম প্রশ্নগুলো জিজ্ঞাসা করে আপনার শিক্ষার্থীদের পূর্ব অনুমান করতে বলুন যে এরপরে কি ঘটতে যাচ্ছে:
  - 'আমি ভাবছি এরপরে কী হবে?'
  - 'তোমরা কি মনে কর তিনি এখন কি বলবেন?'

## গল্প পড়ার পর

গল্পটা সম্পর্কে আলোচনা করুন। যেমন আপনার শিক্ষার্থীদের এই ধরণের প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন:

- 'কোন অংশটা তোমরা সবচেয়ে বেশি ভালো লেগেছে?'
- 'তোমাদের প্রিয় চরিত্র কে ছিল? কেন?'

অল্পবয়সী শিক্ষার্থীদের কাছে বিস্তারিত উত্তর আশা করবেন না। আপনি এই প্রক্রিয়া এবং পড়ার আনন্দের আদর্শ হয়ে ওঠার সাথে সাথে আলোচনাটিকে উপভোগ্য হয়ে উঠতে দিন। আপনার নিজস্ব মতামত প্রকাশ করতেও ভুলবেন না!

## মূল্যায়নের সুযোগ

- আপনি আপনার শিক্ষার্থীদের যে গল্পটি পড়ে শুনিয়েছিলেন, সেটিতে তারা কিরকম সাড়া দিয়েছিল?
- তাদের কেউ কেউ কি এটা বুঝতে পারেনি বলে মনে হয়েছে? যদি তাই হয়, কেন সেটা হয়েছে?
- তাদের কেউ কি মূল শব্দগুলোর বা অভিব্যক্তির মধ্যে কোনোটি পরে ব্যবহার করেছে?

- আপনি কি লক্ষ্য করেছিলেন যে কোন শিক্ষার্থী পরে বইটি তুলে নিয়েছিল ও আলাদাভাবে এটা দেখেছিল, এবং আপনার পড়ার আচরণ অনুকরণ করেছিল?

# সম্পদ 3: নিরীক্ষণ করা ও মতামত দেওয়া

শিক্ষার্থীদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিনিয়ত তাদের নিরীক্ষণ ও সাড়া দেওয়া, যাতে তারা জানতে পারে যে তাদের কাছে কি আশা করা হচ্ছে এবং কাজ সম্পূর্ণ হওয়ার পর যাতে তারা শিক্ষকের বাহবা বা মতামত পায়। আপনার গঠনমূলক মতামতের মাধ্যমে তারা তাদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করতে পারে।

## নিরীক্ষণ

কার্যকরী শিক্ষকগণ বেশিরভাগ সময় তাঁদের শিক্ষার্থীদের নিরীক্ষণ করেন। বেশিরভাগ শিক্ষক সাধারণত, তাঁদের শিক্ষার্থীরা শ্রেণিতে কী করে তা শুনে ও পর্যবেক্ষণ করে তাদের কাজ নিরীক্ষণ করেন। শিক্ষার্থীদের অগ্রগতি নিরীক্ষণ করা গুরুত্বপূর্ণ কারণ এটা নিম্নলিখিত বিষয়গুলোতে তাদের সাহায্য করে:

- উচ্চতর গ্রেড অর্জন করতে
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা সম্পর্কে আরও সচেতন হতে এবং তাদের শেখার ক্ষেত্রে আরও দায়িত্বশীল হতে
- তাদের শেখার উন্নতি ঘটাতে
  - রাজ্য ও স্থানীয় স্তরে পারদর্শিতার অভিক্ষাগুলোতে কৃতিত্বের পূর্বাভাস করতে।

এটা শিক্ষক হিসাবে আপনাকে আরও যে বিষয়গুলোতে সাহায্য করবে সেগুলো হলো:

- কখন একটি প্রশ্ন জিজ্ঞাসা করা হবে অথবা সংকেত প্রদান করতে হবে
- কখন প্রশংসা করতে হবে
- চ্যালেঞ্জ করা যাবে কিনা
- কেমন করে বিভিন্ন দলের শিক্ষার্থীদের একটি কাজের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে
- ভুলগুলি সম্পর্কে কি করা হবে।

শিক্ষার্থীদের অগ্রগতির ওপর স্পষ্ট ও দ্রুত মতামত দেওয়া হলে তারা সব থেকে বেশি উন্নতি করে। নিরীক্ষণ কাজে লাগালে আপনাকে নিয়মিত মতামত দিতে, আপনার শিক্ষার্থীরা কেমন করছে এবং তাদের শেখাকে এগিয়ে নিয়ে যেতে তাদের আর কী কী করা উচিৎ তা তাদের জানাতে সক্ষম করবে।

আপনি যে চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হবেন তার একটা হল শেখার ক্ষেত্রে তাদের নিজস্ব লক্ষ্য নির্ধারণ করতে শিক্ষার্থীদের সাহায্য করা, যা আত্ম-নিরীক্ষণ নামেও পরিচিত। শিক্ষার্থী, বিশেষভাবে যারা সমস্যার সম্মুখীন থাকে, তারা নিজ শিখন বিষয়ে দায়িত্বশীল হতে অভ্যস্ত থাকে না। কিন্তু আপনি যেকোনো শিক্ষার্থীকে একটা প্রকল্পের জন্য নিজস্ব লক্ষ্য বা উদ্দেশ্য নির্ধারণ করতে, তাদের কাজের পরিকল্পনা করতে ও সময়সীমা ঠিক করতে, এবং তাদের অগ্রগতির আত্ম-নিরীক্ষণ করতে সাহায্য করতে পারেন। এই প্রক্রিয়ার অনুশীলন এবং আত্ম-নিরীক্ষণের দক্ষতা অর্জন তাদের বিদ্যালয়ে এমনকি সারা জীবন ধরে তাদের লাভ দেবে।

## শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা

বেশিরভাগ সময় শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা শিক্ষকদের দ্বারা স্বাভাবিকভাবে হয়ে থাকে; এটা একটা সরল নিরীক্ষণ উপকরণ। উদাহরণস্বরূপ, আপনি:

- আপনার শিক্ষার্থীদের উচ্চস্বরে পড়তে শুনতে পারেন
- জুটিতে বা গ্রুপের কাজে আলোচনাগুলো শুনতে পারেন

- শিক্ষার্থীদের বাইরে বা শ্রেণিকক্ষে সম্পদ ব্যবহার পর্যবেক্ষণ করতে পারেন
- তাদের কাজ করার সময় গ্রুপগুলোর দৈহিক ভাষা পর্যবেক্ষণ করতে পারেন।

নিশ্চিত করুন যে আপনার সংগৃহীত পর্যবেক্ষণগুলো শিক্ষার্থীদের শেখা বা অগ্রগতির প্রকৃত প্রমাণ। একমাত্র যা আপনি দেখতে, শুনতে, যাচাই করতে বা গণনা করতে পারেন সেটা নথিবদ্ধ করুন।

শিক্ষার্থীরা কাজ করার সময়, সংক্ষিপ্ত পর্যবেক্ষণমূলক নোট নেওয়ার জন্য শ্রেণিকক্ষের মধ্যে ঘুরুন। কোন শিক্ষার্থীদের আরও বেশি সাহায্য প্রয়োজন তা রেকর্ড করতে এবং কোনও সম্ভাব্য ভুল বোঝাবুঝি নোট করতে আপনি একটা শ্রেণি তালিকা ব্যবহার করতে পারেন। সমগ্র শ্রেণিকে মতামত দিতে অথবা গ্রুপ বা ব্যক্তিদের প্ররোচিত করতে বা উৎসাহ দিতে আপনি এই পর্যবেক্ষণ ও নোটগুলো ব্যবহার করতে পারেন।

## মতামত দান

মতামত হল এমন তথ্য যা কথিত লক্ষ্য অথবা আশা করা ফলাফলের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থী কেমন সম্পাদন করছে সে সম্পর্কে আপনি তাদের দেন। কার্যকরী মতামত শিক্ষার্থীকে প্রদান করে:

- যা ঘটেছে সে সম্পর্কে তথ্য
- কাজ বা দায়িত্ব কতটা ভালভাবে সম্পাদিত হয়েছে তার একটা মূল্যায়ন
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা কীভাবে উন্নত করা যায় তার নির্দেশিকা।

আপনি যখন প্রতিটি শিক্ষার্থীকে মতামত দেন, তখন তা অবশ্যই তাদেরকে নিচের বিষয়বস্তুগুলো জানতে সাহায্য করে।

- তারা প্রকৃতপক্ষে কী করতে পারে
- তারা এখনও কী করতে পারে না
- তাদের কাজ অন্যদের কাজের তুলনায় কেমন
- তারা কীভাবে উন্নতি করতে পারে।


স্মরণে রাখা গুরুত্বপূর্ণ যে কার্যকরী মতামত শিক্ষার্থীদের সাহায্য করে। আপনার মতামত অস্পষ্ট বা অন্যায্য বলে শিক্ষার্থীর শেখা বাধাপ্রাপ্ত হোক তা আপনি চান না। কার্যকরী মতামত হল:

- গৃহীত কাজের উপর এবং শিক্ষার্থীর প্রয়োজনীয় শেখাকে **লক্ষ্য রেখে করা হয়**
- **স্পষ্ট ও সঠিক**, শিক্ষার্থীদের শেখার কোনটা ভাল আর কোথায় উন্নতি করা দরকার তা তাদের বলা
- **কার্যে পরিণত করতে সক্ষম**, শিক্ষার্থীকে এমন কিছু করতে বলা যেটা তারা করতে পারে
- উপযুক্ত ভাষায় প্রদত্ত যা শিক্ষার্থীরা বুঝতে পারে
- উপযুক্ত সময়ে প্রদত্ত – এটা বেশি তাড়াতাড়ি দেওয়া হলে, শিক্ষার্থী ভাববে ‘আমি তো সেটাই করতে যাচ্ছিলাম!’; বেশি দেরি হলে, শিক্ষার্থীর দৃষ্টি অন্যদিকে নিবদ্ধ হতে পারে এবং তাদের যা বলা হবে, তারা ফিরে গিয়ে সেটা করতে চাইবে না।

মতামত মুখেই বলা হোক বা শিক্ষার্থীর খাতায় লেখা থাক, নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করলে এটা আরও কার্যকরী হবে।

## প্রশংসা এবং ইতিবাচক ভাষা ব্যবহার

আমাদের যখন প্রশংসা করা হয় ও উৎসাহ দেওয়া হয়, তা সাধারণত আমাদের যখন সমালোচনা করা হয় বা সংশোধন করা হয় তার থেকে অনেক বেশি ভাল লাগে। উৎসাহ দান ও ইতিবাচক ভাষা পুরো শ্রেণি এবং সব বয়সের ব্যক্তিদের জন্য প্রেরণাদায়ক। মনে রাখবেন যে প্রশংসা যেন অবশ্যই নির্দিষ্ট এবং যে কাজ করা হয়েছে তার ওপর হয়, শিক্ষার্থীদের নিজেদের সম্পর্কে নয়, তা না হলে এটা শিক্ষার্থীদের অগ্রগতিতে সাহায্য করবে না। ‘শাবাশ’ বলাটা নির্দিষ্ট নয়, তাই নিচের মত বলা ভাল:





## সংশোধনের পাশাপাশি সংকেতের ব্যবহার

আপনার শিক্ষার্থীদের সঙ্গে আপনার সংলাপ তাদের শেখায় সাহায্য করে। আপনি যদি তাদের বলেন কোনো উত্তর ভুল এবং সেখানেই কথা শেষ করে দেন, তাহলে তাদের ভাবতে দেওয়ার এবং নিজেদের চেষ্টা করতে দেওয়ার সুযোগ হারান। আপনি যদি শিক্ষার্থীদের কোন ইঙ্গিত দেন অথবা তাদের আরও কোন প্রশ্ন করেন, তবে আপনি তাদের আরও গভীরভাবে ভাবতে সাহায্য করেন এবং উত্তর খোঁজার এবং নিজেদের শেখার দায়িত্ব নিতে তাদের উৎসাহ দেন। উদাহরণস্বরূপ, এই ধরনের কথা বলে আপনি আরও ভাল উত্তর দিতে বা একটা সমস্যা ভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখতে উৎসাহ দিতে পারেন:




অন্যান্য শিক্ষার্থীদেরকে পরস্পরকে সাহায্য করতে উৎসাহ দেওয়া যথাযথ হতে পারে। এরকম মন্তব্য সহ আপনি আপনার প্রশ্নগুলো শ্রেণির বাকিদের সামনে রেখে এটা করতে পারেন যেমন:




বানান বা সংখ্যার অনুশীলনের মত কাজগুলোর ক্ষেত্রে ‘হ্যাঁ’ বা ‘না’ দিয়ে শিক্ষার্থীদের সংশোধন করা যথাযথ হতে পারে, কিন্তু এখানেও আপনি শিক্ষার্থীদের উত্তরের মধ্যে উদ্ভূত প্যাটার্ন দেখতে উৎসাহিত করতে পারেন, একই রকম উত্তরগুলোর মধ্যে সংযোগ করে দেখাতে পারেন অথবা নির্দিষ্ট কোন উত্তর ভুল কেন সে সম্পর্কে আলোচনা শুরু করতে পারেন।

স্ব-সংশোধন এবং সমকক্ষের সংশোধন কার্যকরী এবং জুটিতে কাজ করার সময় শিক্ষার্থীদের নিজস্ব ও পরস্পরের কাজ পরীক্ষা করতে বলে আপনি এতে উৎসাহিত করতে পারেন। যাতে খুব বেশি বিভ্রান্তিকর তথ্য না আসে তাই একবারে একটা দিক সংশোধন করার ওপর দৃষ্টি নিবদ্ধ করা সবথেকে ভাল।

# অতিরিক্ত সম্পদসমূহ

- *Annual Status of Education Report 2012*, published by ASER Centre: http://www.asercentre.org/education/India/status/p/143.html
- Room to Read, India: http://www.roomtoread.org/Page.aspx?pid=304
- A useful site for explaining what reading involves: http://www.readingrockets.org/article/352
- Traditional Indian stories: http://www.indiaparenting.com/stories/index.shtml#77
- Knowledge, behaviours and activities for early readers: http://www.siue.edu/education/readready/1_Literacy/1_SubPages/1_ld_emergent.htm
- Resources to improve students' reading and writing in school: http://fdf.readingrecovery.org/resources
- Phonemic awareness activities: http://teams.lacoe.edu/documentation/classrooms/patti/k-1/activities/phonemic.html
- ঠাকুরমার ঝুলি – দক্ষিনা রন্ঝন বসু
- Amar Boi – Textbook of class I by West Bengal Board of Primary Education

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Clay, M.M. (2005) *Literacy Lessons Designed for Individuals.* Portsmouth, NH: Heinemann.

Graham, J. and Kelly, A. (2000) *Reading under Control: Teaching Reading in the Primary School*, 2nd edn. London: David Fulton Publishers, in association with the University of Surrey.

IT Tragedy (undated) 'Independence Day poem kids Hindi English short long [sic]' (online). Available from: http://www.ittragedy.com/independence-day-poem-kids-hindi-english-short-long/ (accessed 23 October 2014).

Jhingran, D. (2005) *Language Disadvantage: The Learning Challenge in Primary Education*. New Delhi: APH Publishers.

# কৃতজ্ঞতাস্বীকার

এই বিষয়বস্তু ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন – শেয়ারঅ্যালাইক লাইসেন্স এর অধীনে উপলব্ধ (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), যদি না অন্যভাবে চিহ্নিত হয়। TESS-India, OU এবং UKAID লোগোগুলোর ব্যবহার এই লাইসেন্সের অন্তর্ভুক্ত নয়, এগুলো শুধুমাত্র TESS-India প্রকল্পের মধ্যে অপরিবর্তিতভাবে ব্যবহার করা যায়।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।